উপজেলা পরিষদ

দাকোপ, খুলনা।

নভেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৬/১১/২০২৫ খ্রিঃ।
সময় : ১২ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কুকুরে কামড়ের ভ্যাকসিন/টিকা (Rabies Vaccine) ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, অক্সিজেন সিলিন্ডার ব্যাংক প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, রোগীদের সেবার মান বৃদ্ধি সঠিক রোগ নির্ণয়ের জন্য হাসপাতালের প্যাথলজিতে বায়োক্যামিষ্ট্রি মেশিন ক্রয় করা প্রয়োজন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে নীচু স্থানে আংশিক বালু দ্বারা ভরাট করা হয়েছ। বাকি অংশে বালু দ্বারা ভরাটের বিষয়ে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলার অক্টোবর/২০২৫ মাসের পরিবার পরিকল্পনা কাজের অগ্রগতি তুলে ধরেন; মোট সক্ষম দম্পতি- ৩২১০২ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী- ২৩৭০৮ জন,পদ্ধতি গ্রহণকারীর হার-৭৩.৮৫%।<br><br>বিতরণঃ খাবার বড়ি(সুখী)-৫২০৬ চক্র, কনডম-৫৮৪৪ পিচ, ইনজেকশন-৪৮৪ পিচ, ইমপ্লান্ট-১৯ টি, আইইউডি ২ টি বিতরণ করা হয়েছে।<br><br>মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ দাকোপ উপজেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অক্টোবর/২০২৫ মাসে গর্ভবতী সেবাঃ ৫৮ জন, ডেলিভারী ৫ জন, গর্ভোত্তর সেবাঃ ৩৬ জন, শিশু সেবাঃ ১০৪ জন, সাধারণ রোগি সেবা ৪৩৫ জন, অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি এর নভেম্বর /২৫ মাসের খাদ্যোর চাহিদা পত্র প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির নভেম্বর /২০২৫ মাসের ৯টি ইউনিয়ন ও পৌরসভার মোট উপকারভোগীর ডাটাবেজ সম্পন্ন হবে। কিশোর কিশোরী ক্লাব কার্যক্রমের আওতায় ২০২৫ সালের জন্য ১০টি ক্লাবের কার্যক্রম চলমান। পানখালী | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নে ০১টি ও তিলডাঙ্গা ইউনিয়নের ০১টি মোট= ২টি উঠান বৈঠক করা হয়েছে। অদম্য নারী পুরুষ্কার/২০২৫ এর ০৫ জন অদম্য নারী নির্বাচন কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উদযাপন করা হবে। চলতি মাসে বাল্য বিবাহের কোনো তথ্য পাওয়া যায়নি। উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা, উপজেলা বাল্য বিয়ে প্রতিরোধ কমিটির সভা ও উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | | |
| ৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা রয়েছে। নভেম্বর/২০২৫ পর্যন্ত ৫টি ব্যাচে ১৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা (উন্নয়ন ২,২০০ + রাজস্ব ৭,৮৮০) = ১০,১৪০ জন। চলতি অর্থ বছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব-২৭ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা (উন্নয়ন ও রাজস্ব = ৪,১১৩ জন। চলতি মাস পর্যন্ত যুব ঋণ বিতরণ করা হয়েছে ১২ জন এর মধ্যে (রাজস্ব ১৪,৫০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমান ৩,১৬,৩৫,২০০/- টাকা। পরিবার ভিত্তিক ঋণ বিতরণ ৫৫,৩৫,০০/- টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমান ২৪,১৬,৬০/- টাকা। কিস্তি খেলাপী টাকার পরিমান ০০/- টাকা। চলতি মাসে ঋণ আদায়ের হার ১০০% এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের হার ৯২%। যুব সংগঠন রেজিষ্ট্রেশন ১৭ টি। দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | আলোচ্য বিষয়ে কাজের ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ৫. | পল্লী সঞ্চয় ব্যাংক। | জনাব, প্রভাষ চন্দ্র মন্ডল, শাখা ব্যবস্থাপক (সিনিয়র অফিসার) দাকোপ শাখা, খুলনা- বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংক পল্লী দরিদ্র অসহায় ভূমিহীন মানুষকে নিয়ে গঠিত, তাই এই ব্যাংক জামানত বিহীন সহজ শর্তে স্বল্প সুদে ঋণ প্রদান করেন। তাই অধিকাংশ সদস্য খেলাপী ঋণে পরিনত হয়েছে এবং দিন দিন খেলাপী ঋণের পরিমান বেড়ে চলছে। পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা পর্যায়ে খেলাপী ঋণ আদায়ের সার্বিক সহযোগীতা প্রদানের জন্য, উপজেলা নির্বাহী অফিসার, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউপি সদস্য/সদস্যাদের সহযোগীতার জন্য সকলকে সবিনয় অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে বিধি ও নীতিমালা অনুযায়ী কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ৬. | উপজেলা বন বিভাগ। | জনাব সেখ আছাদুর রহমান, ডেপুটি রেঞ্জার, উপজেলা বন কর্মকর্তা (সামাজিক বন বিভাগ) সভায় জানান যে, বৃক্ষরোপনে জাতীয় পুরুস্কার-২০২৫ প্রদানের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বাগেরহাট ০৭টি ক্যাটাগরিতে আবেদনপত্র সংগ্রহের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। আগ্রহী ব্যক্তি, | আলোচ্য বিষয়ে বিধি মোতাবেক কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান ও সংস্থাকে তার দপ্তর থেকে নির্ধারিত সময়ের তারিখের মধ্যে আবেদনপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানান। | | |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তার। |
| ১০. | উপজেলা প্রকৌশল দপ্তর। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকৌশলী। |
| ১১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১২. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ১৩. | উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা নির্বাচন কর্মকর্তা। |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৭. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৮. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ২০. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২১. | উপজেলা পরিসংখ্যান কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ২৩. | দাকোপ সাব-জোনাল অফিস, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইন-চার্জ পল্লী বিদ্যুত সমিতি। |
| ২৪. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৫. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৬. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৮. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩০. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩১. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩২. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

বিবিধ আলোচনা: (ক) তিলডাঙ্গা ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের বটবুনিয়া হরিসভা মন্দিরের পার্শ্বে গত ০৭/১০/২০২৫ খ্রি. তারিখ ওয়াবদা ভেড়ীবাঁধ ভেঙ্গে ০৬নং ওয়ার্ড সম্পূর্ণ ও আশেপাশের ২, ৪, ও ৭নং ওয়ার্ড আংশিকভাবে প্লাবিত হয়। এতে প্রায় ৬০০-৭০০ একর জমির ধানক্ষেত, ফসলের জমি, মাছের ঘের/ পুকুর ও সবজিসহ অন্যান্য ক্ষতি হয়েছে। এজন্য তিনি ক্ষতিগ্রস্ত এলাকায় জরুরী সহায়তা প্রদানের জন্য আর্থিক অনুদানের আবেদন করেন। তদপ্রেক্ষিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় পরিষদের ''অপ্রত্যাশিত খাত'' খাত হতে জরুরী সহায়তা বাবদ উক্ত চেয়ারম্যানের অনুকূলে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার চেক প্রদান করা হয়।

(খ) উপজেলা পরিষদ ব্যবহার নির্দেশিকা মোতাবেক ১) কম্পিউটার মেরামত বাবদ ১৫,৯০০/- টাকা, ২) আনসারদের গ্যাস, পানি ও অন্যান্য আনুষাংগিক ব্যয় বাবদ ৩৮,৫০০/- টাকা, ৩) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত বাবদ ২২,৮০০/- টাকা, ৪) পাম্প মেশিন মেরামত বাবদ ১,৮৬২/- টাকা, ৫) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের এস, এস গেট মেরামত কাজ বাবদ ৩৯,৮৪০/- টাকা, ৬) জীপগাড়ী মেরামত বাবদ ৩৯,৮৫০/- টাকা, ৭) উপজেলা পরিষদ অভ্যন্তরের আশপাশ পরিস্কার পরিছন্নতা কাজের জন্য ২৯,৬০০/- টাকা খরচ হয়েছে। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ইলেকট্রনিক সামগ্রী ক্রয় ও সার্ভিসিং এবং পর্দা ও স্টান্ড ক্রয় (সেটিংসহ) কাজ বাবদ মোট ৩৫,২০০/- (পঁয়ত্রিশ হাজার দুই শত ) টাকা খরচ করা প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অন্তেঃ সর্বসম্মতিক্রমে উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৬/১১/২৫

মোঃ আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫. ১৭ (৫০)

তারিখ ১১ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০২৫ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৫. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৬. উপজেলা ..........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৭. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৮. অফিস কপি।

২৬/১১/২৫

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dacope.khulna.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫- ৬০৬ (৫০)

তারিখ- ০৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

নভেম্বর/২০২৫ মাসের উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা আগামী ২৬/১১/২০২৫ খ্রিষ্টাব্দ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কার্যপত্রের হার্ড কপি ০২(দুই) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ও সফট কপি উপজেলা পরিষদ দাকোপ, খুলনা কার্যালয়ের ই-মেইলে (upazilaparishaddakop@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. পূর্ববর্তী মাসের সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন দপ্তরভিত্তিক আলোচনা।
৪. বিবিধ।

মোঃ আসমত হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫- ৬০৬ (৫০)

তারিখ- ০৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৬. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৭. উপজেলা ..........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৮. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৯. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।

CamScanner